# FALAKATA COLLEGE

Bengali 2nd Year (Hons) Test Examination 2018

Subject - Bengali (Hons.)

Paper - III+IV

Full Marks - 100 Time - 4 hrs.

## তৃতীয় পত্র

১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ১০x১=১০

ক) ছোটোগল্প কাকে বলে ? উপন্যাস ও ছোটগল্পের পার্থক্য নির্দেশ করো।

খ) ''আদরিণী' গল্পটি বাংলার আগমনী বিজয়ার মতোই বাৎসল্য মধুর'' - আলোচনা করো।

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ১৬x২=৩২

ক) 'রজনী' প্রসঙ্গে প্রমথনাথ বিশী বলেছেন, ''রজনী' সৌন্দর্য-জিজ্ঞাসার কাব্য।'' - 'রজনী'তে কোন্ কোন্ পরিপ্রেক্ষিতে সৌন্দর্য পরিস্ফুট হয়েছে, আলোচনা কর।

খ) আদর্শ পুরুষ চরিত্র হওয়া সত্ত্বেও বিহারী আপাতভাবে নিষ্প্রভ। অথচ কাহিনির প্রতিটি নারী চরিত্রের সঙ্গে তার সংবেদনের যোগ। আর এই যোগই বিহারীকে উপন্যাসে স্বতন্ত্র করেছে। - আলোচনা করো।

গ) ''রমা ও রমেশের সম্পর্ক শুধু সমাজের রীতি-নীতি, বিধি-নিষেধের জন্যই ব্যাহত হয়নি, বিষয় বুদ্ধিও তাকে জটিল করে তুলেছে'' - মন্তব্যটির সার্থকতা বিচার করো।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩x১=৩

ক) ''বোবার কবিত্ব কেবল তাহার যন্ত্রণার জন্য'' - ব্যাখ্যা করো।

খ) ''এ ঘরে আজ সে অতিথিমাত্র'' - কার সম্পর্কে বলা হয়েছে ? তার মানসিক অবস্থার পরিচয় দাও।

## চতুর্থ পত্র

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ১০x১=১০

ক) প্রবন্ধের সংজ্ঞা নির্ণয় করো। প্রবন্ধের শ্রেণি বিন্যাস করে তার প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

খ) Impressionistic Criticism কাকে বলে ? এই শ্রেণির সমালোচনার দৃষ্টান্ত দিয়ে তার শক্তি ও দুর্বলতার পরিচয় দাও।

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ১০x১=১০

ক) ছিন্নপত্র আকারে চিঠি কিন্তু প্রকারে রবীন্দ্র মনের আয়না - আলোচনা করো।

খ) আমাদের ঘাটে - একটি নৌকা ...... শীর্ষক পত্রটি রবীন্দ্র জীবন ও সৃষ্টির ক্ষেত্রে কী ভূমিকা পালন করেছে আলোচনা করো।

৬। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ১৬x২=৩২

ক) 'পঞ্চভূত' গ্রন্থটির গদ্য শৈলীর বিশ্লেষণ করো।

খ) 'বিজ্ঞান সাহিত্য' প্রবন্ধে জগদীশ চন্দ্র বসু যেভাবে সাহিত্য ও বিজ্ঞানের সম্পর্ক দেখিয়েছেন তার পরিচয় দাও।

গ) 'চিত্রাঙ্গদা' প্রবন্ধে প্রমথ চৌধুরী রবীন্দ্রনাথের চিত্রাঙ্গদা চরিত্রকে কীভাবে বিশ্লেষণ করেছেন তা বুঝিয়ে দাও।

৭। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩x১=৩

ক) কবিকে মারিলে কবি মার তুলিয়া রাখেন' - কীভাবে কবি প্রতিঘাত করেছেন?

খ) সত্যেন্দ্রনাথ তাঁর সমসময়ে প্রবলভাবে জনপ্রিয় হয়েছিলেন কেন?

# FALAKATA COLLEGE

B.A. Part-III Test Examination 2018

Subject - Bengali (Hons.)

Paper - V+VI

Full Marks - 100 | Time - 4 hrs.

১। **যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৩x১৬=৪৮

ক) ট্রাজেডি কাকে বলে ? 'নীলদর্পন' নাটকটি কতটা ট্রাজেডি হয়েছে তা আলোচনা কর।

খ) 'ছেঁড়াতার' নাটকটির নামকরণ কতটা শিল্প সার্থক হয়েছে - তা আলোচনা করে দেখাও।

গ) 'যন্ত্রের চেয়ে মানুষ বড়ো, সে কথা মানুষকে প্রাণ দিয়েই প্রমাণ করতে হয়।' - আলোচনা কর।

ঘ) 'পত্রকাব্য' কাকে বলে ? 'পত্রকাব্য' হিসেবে 'বীরাঙ্গনা কাব্যে'র সার্থকতা বিচার করো।

ঙ) 'সোনারতরী' কবিতাটির অন্তর্নিহিত রূপকটির মর্মার্থ বিশ্লেষণ করো।

চ) 'আমার কাব্যের ঋতু পরিবর্তন ঘটেছে বারে বারে।' - 'নবজাতক'-এর কয়েকটি কবিতা অবলম্বনে এই ঋতু পরিবর্তনের পরিচয় দাও।

২। **যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৪x১০=৪০

ক) ট্রাজেডিতে ক্যাথারসিসের ভূমিকা আলোচনা কর।

খ) বঙ্গ রঙ্গমঞ্চের ইতিহাসের হেরাসিম লেবেদফের অবদান বিষয়ে সংক্ষেপে লেখো।

গ) প্রতিবাদের কবিতা হিসেবে 'চম্পা' কবিতাটি সম্পর্কে আলোচনা কর।

ঘ) 'দারিদ্র্য' কবিতায় কীভাবে পুরানের জন্মান্তর ঘটেছে তা বুঝিয়ে দাও।

ঙ) 'দেহ নির্ভর প্রেম চেতনার উৎকৃষ্ট কবিতা হলো 'বন্দীর বন্দনা' - আলোচনা কর।

চ) 'নগ্ন নির্জন হাত' কবিতায় জীবনানন্দের রোমান্টিক চেতনার পরিচয় দাও।

ছ) রবীন্দ্রনাথের 'অপরপক্ষ' ও 'বঞ্চিত' কবিতার সঙ্গে 'টপ্পা ঠুংরি' কবিতার তুলনামূলক আলোচনা কর।

জ) 'ফুল ফুটুক না ফুটুক' কবিতায় আধুনিক জীবনের যে সংকট রূপায়িত হয়েছে তা বিশ্লেষণ কর।

৩। <u>যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ</u> ৩x৪=১২

ক) 'ওমা, কি লজ্জা ! বড়বাবুকে মুখখান দেখালাম।' - কার উক্তি ? তার কোন মনোভাবের পরিচয় ফুটে উঠেছে ?

খ) 'মানুষের জানটাও বাজাটারে মতো।' - ব্যাখ্যা কর।

গ) 'মুক্তধারা' নাটকে ভৈরবপন্থীদের শঙ্কর বন্দনা মন্ত্রটির তাৎপর্য কী ?

ঘ) 'বীরাঙ্গনা কাব্য'-এর নারী চরিত্রগুলি কোন্ অর্থে বীরাঙ্গনা তা সংক্ষেপে লেখো।

ঙ) 'দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা।' - কোন্ কবিতায় আছে ? এর মর্মার্থ লিখ।

চ) 'রাতের গাড়ি' কবিতায় মৃত্যু চেতনার স্বরূপটি দু'চার কথায় লেখো।

# FALAKATA COLLEGE

B.A. Part-III Test Examination 2018

Subject - Bengali (Hons.)

Paper - VII+VIII

Full Marks - 100 Time - 4 hrs.

১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাওঃ ৩x১৬=৪৮

ক) আত্মজীবনীমূলক উপন্যাস কাকে বলে ? 'ধাত্রীদেবতা' আত্মজীবনীমূলক উপন্যাস কিনা আলোচনা করে দেখাও।

খ) ''আঞ্চলিক উপন্যাসের ইঙ্গিত দিয়ে শুরু হলেও শেষ পর্যন্ত 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটির আঞ্চলিকতার সীমা ছাড়িয়ে গেছে।'' - আলোচনা কর।

গ) 'জাগরী' উপন্যাসের চারটি চরিত্রের মধ্যে নীলুর অন্তর্দ্বন্দ্বই সর্বাপেক্ষা বেশী।' নীলু চরিত্রটি বিচার করে এই মন্তব্যের সার্থকতা প্রতিপন্ন কর।

ঘ) 'ধ্বনিরাত্মা কাব্যস্য' - এই মতটি আলোচনা কর।

ঙ) 'সাহিত্যের বিষয় মানব হৃদয় এবং মানব চরিত্র' - রবীন্দ্রনাথের এই মতটি ব্যাখ্যা কর।

চ) প্রবন্ধ রচনা করঃ মধ্যযুগের মঙ্গলকাব্যে সমাজ জীবন।

২। যে কোন চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৪x১০=৪০

ক) 'অঙ্গার' গল্পটির নিহিত বাস্তবতার স্বরূপ আলোচনা কর।

খ) 'রেকর্ড' কী জাতীয় গল্প ? কাহিনি বিশ্লেষণ করে গল্পটির নামকরনের সার্থকতা আলোচনা কর।

গ) 'নরেন্দ্রনাথ মধ্যবিত্ত জীবনের রূপকার' - চড়াই-উৎরাই গল্প অবলম্বনে উক্তিটির যথার্থতা বিচার কর।

ঘ) কালিদাসের নাটকগুলির পরিচয় দাও।

ঙ) মৃচ্ছকটিক কোন্ শ্রেণির নাটক ? এই নাটকে জনজীবনের যে পরিচয় উদ্‌ঘাটিত হয়েছে তার পরিচয় দাও।

চ) ছাযাবাদ কী ? ছায়াবাদী কাব্যান্দোলনের প্রবর্তক সুমিত্রানন্দনের কাব্যধারা আলোচনা কর।

ছ) হিন্দী উপন্যাস সাহিত্যে প্রেমচাঁদের ভূমিকা আলোচনা কর।

জ) 'রস ও কাব্যের জগৎ অলৌকিক মায়ার জগৎ' - আলোচনা করে দেখাও।

৩। <u>যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ</u> ৩x৪=১২

ক) 'দেশ কি মাটি শিবনাথ ? দেশকে খুঁজতে হয় গ্রামের মধ্যে, শহরের মধ্যে।' - বক্তা কে ? তার মানসিকতার পরিচয় দাও।

খ) 'মানবী প্রিয়ার যৌবন চলিয়া যায়, পদ্মা তো চিরযৌবনা।' - ব্যাখ্যা কর।

গ) 'রাষ্ট্রীয় পরিবার' বলতে কী বোঝানো হয়েছে ?

ঘ) স্থায়ী ভাব ও স্থায়ী রসগুলি উল্লেখ কর।

ঙ) 'প্রকাশই কবিত্ব' - ব্যাখ্যা কর।

চ) 'লেখকের প্রধান লক্ষ্য পাঠক সমাজ' - রবীন্দ্রনাথের এই ধারণাটি ব্যাখ্যা কর।